

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

আবশ্যিক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে :

শিক্ষক পদ

১। কেমিকৌশল বিভাগ

সহযোগী অধ্যাপক-এর ২ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ ৫০০০০-৭১২০০/-।

২। যন্ত্রকৌশল বিভাগ

সহকারী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ ৩৫৫০০-৬৭০১০/-।

৩। বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ

লেকচারার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ ২২০০০-৫৩০৬০/-।

কর্মকর্তা পদ

১। উপাচার্য অফিস

সহকারী রেজিস্ট্রার (কো-অর্ডিনেশন)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল : ৳ ২৯০০০-৬৩৪১০/-।

২। মেডিক্যাল সেন্টার, ছাত্রকল্যাণ পরিদপ্তর

রেডিওলজিস্ট-এর ১ টি পদ (খন্ডকালীন) বেতন মাসিক সর্বসাকুল্যে ৳ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

উপরোল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১৩/১২/২০১৬

সকল পদের বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইট (regoffice.buet.ac.bd)-এ Search করা অথবা রেজিস্ট্রার অফিসের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করা যাইতে পারে।

রেজিস্ট্রার

১। সহকারী রেজিস্ট্রার (কো-অর্ডিনেশন)-পদের নির্ধারিত যোগ্যতা :-

প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণীর পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/ শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

২। রেডিওলজিস্ট পদের নির্ধারিত যোগ্যতা :- MBBS+FCPS/MD in radiology and Imaging with 5 years experience in relevant field as \geq Associate Professor (CT/ MRI/ Ultrasound). Working hour: Working day of University. 4 PM to 6 PM.

সকল পদের জন্য প্রয়োজ্যঃ-

এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে প্রাপ্ত নির্ধারিত ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র (শিক্ষক পদের ক্ষেত্রে REG-1-এ ১৫ সেট ও কর্মকর্তা পদের ক্ষেত্রে REG-2-এ ১০ সেট) জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং এই বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার-এর অনুকূলে প্রদেয় অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদের জন্য ৳ ১,০০০/- (এক হাজার) ও অন্যান্য পদের জন্য ৳ ৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ঢাকা মহানগরস্থ যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পিউটার অফিসের হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক, টাকা জমার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট - এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-1/REG-2) এবং শিক্ষক পদের Q.T এই বিশ্ববিদ্যালয়ের Web Site-(regoffice.buet.ac.bd)-এর download page এবং কর্মকর্তা পদের Q.T. Vacancy-এর Job circular page হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষর/-

(প্রফেসর ডঃ এন.এম. গোলাম জাকারিয়া)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থ/ব-৫৯/৫৩৫৮৭/৩৯৭৬৩/৬১৭৪৬/৬০৫৪৭/৫৯৫০৬/রে-২২৬০(৬০)

তারিখঃ ২০/১১/২০১৬

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :-

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

৩। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।